

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ ফিল্ম আর্কাইভ
তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়
এফ-৫, আগারগাঁও প্রশাসনিক এলাকা
শেরে বাংলা নগর, ঢাকা।

১২৫

নং-১৫.৫৮.০০০০.১০৩.০৬.৪০৭.০৩(অংশ-৪). ৫২২

তারিখ: ৩০/০৬/২০২৪

বাংলাদেশ ফিল্ম আর্কাইভের জুন, ২০২৪ মাসের মাসিক সমন্বয় সভার কার্যবিবরণী :

সভাপতি মো. কামরুজ্জামান, মহাপরিচালক
সভার তারিখ ১১ জুন ২০২৪ খ্রিঃ।
সভার সময় বিকাল ০৩.০০টায়
স্থান বাংলাদেশ ফিল্ম আর্কাইভের সভাকক্ষে
উপস্থিতি পরিশিষ্ট 'ক'

সভাপতি মহোদয় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। তিনি ইতোপূর্বে অনুষ্ঠিত মাসিক সমন্বয় সভার কার্যবিবরণীর ওপর কারো কোনো মতামত/সংশোধনীর প্রস্তাব থাকলে তা অবহিত করার জন্য সংশ্লিষ্ট কর্মকর্তাদের অনুরোধ জানান। এ পর্যায়ে বিগত সমন্বয় সভার কার্যবিবরণী সর্বসম্মতিক্রমে অনুমোদন করা হয়। অতঃপর সভায় শাখাওয়ারী অনিষ্পন্ন বিষয়াদি নিয়ে বিস্তারিত আলোচনা শেষে নিম্নবর্ণিত সিদ্ধান্ত গৃহীত হয়:

(ক) ফিল্ম শাখা:

ক্রমিক	আলোচ্য বিষয়	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী
১।	চলচ্চিত্র/তথ্যচিত্র/প্রামাণ্যচিত্র ও এর সংশ্লিষ্ট দ্রব্যাদি সংগ্রহ	চলচ্চিত্র ও চলচ্চিত্র সংশ্লিষ্ট দ্রব্যাদি সংগ্রহ বিষয়ে সভায় আলোচনা হয়। সভায় জানানো হয় যে, মে, ২০২৪ মাসে ডিজিটাল ফরমেটে পূর্ণদৈর্ঘ্য বাংলা চলচ্চিত্র ০২ টি, চলচ্চিত্র/তথ্যচিত্র/প্রামাণ্যচিত্র ০৬ টি সংগ্রহ করা হয়েছে।	সংগ্রহ কাজ অব্যাহত রাখতে হবে।	পরিচালক, উপপরিচালক, ফিল্ম অফিসার
২।	ফিল্ম মিউজিয়ামের জন্য দ্রব্যাদি সংগ্রহ	মে, ২০২৪ মাসে ফিল্ম মিউজিয়ামের জন্য নতুন কোন সংগ্রহ নেই।	সংগ্রহ অব্যাহত রাখার লক্ষ্যে প্রয়োজনীয় যোগাযোগ অব্যাহত রাখতে হবে।	পরিচালক, উপপরিচালক (প্রশাসন ও অর্থ), উপপরিচালক (আর্কাইভ), ফিল্ম অফিসার
৩।	নষ্ট হয়ে যাওয়া ফিল্মের তালিকা	সংরক্ষিত নষ্ট হয়ে যাওয়া ফিল্মের বিষয়ে করণীয় নির্ধারণের জন্য বাংলাদেশ ফিল্ম আর্কাইভ, চলচ্চিত্র ও প্রকাশনা অধিদপ্তর, বাংলাদেশ চলচ্চিত্র উন্নয়ন কর্পোরেশন ও বাংলাদেশ টেলিভিশনের অভিজ্ঞ প্রতিনিধি সমন্বয়ে ২৩/০৩/২০২৪ তারিখে টেকনিক্যাল কমিটি গঠন করা হয়। বিভিন্ন দফতর হতে টেকনিক্যাল কমিটির সদস্যগণের মনোনয়ন পাওয়া গিয়েছে। ১৯৭৮ সাল থেকে ২০২৩ সাল পর্যন্ত নষ্ট ফিল্ম ও তালিকা প্রস্তুত করা হয়েছে। পর্যায় করণীয় নির্ধারণের জন্য সভা আহ্বান করা যেতে পারে।	টেকনিক্যাল কমিটির সদস্যগণ টেকনিক্যাল কমিটির পরবর্তী সভায় সংরক্ষিত নষ্ট হয়ে যাওয়া ফিল্মের বিষয়ে করণীয় নির্ধারণ করবেন বলে সভায় সিদ্ধান্ত গৃহীত হয়।	পরিচালক, উপপরিচালক (প্রশাসন ও অর্থ), উপপরিচালক (লাইব্রেরী ও গবেষণা), উপপরিচালক (আর্কাইভ), ফিল্ম অফিসার

(খ) লাইব্রেরি শাখা:

৪।	গবেষণা	(ক) ২০২৩-২৪ অর্থবছরের প্রাপ্ত গবেষণা পাবলিশিং মূল্যায়ন সম্পন্ন হয়েছে এবং এ সংক্রান্ত বিষয়ে বিশেষজ্ঞ কমিটির সভা অনুষ্ঠিত হয়েছে। মান সন্তোষজনক হওয়ায় ০৯টি গবেষণাকর্ম কমিটি কর্তৃক গৃহীত হয়েছে। (খ) ২০২৪-২৫ অর্থবছরে বিশেষজ্ঞ কমিটি কর্তৃক সুপারিশকৃত গবেষণা প্রস্তাবের প্রশাসনিক মন্ত্রণালয়ের অনুমোদন পাওয়া গেছে।	(ক) এপিএ লক্ষ্যমাত্রা পূরণের জন্য প্রশাসনিক মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে। (খ) এ সংক্রান্ত পরবর্তী কার্যক্রম শুরু করতে হবে।	পরিচালক, উপপরিচালক (প্রশাসন ও অর্থ), উপপরিচালক (লাইব্রেরী ও গবেষণা), উপপরিচালক (আর্কাইভ) স্টোর অফিসার, লাইব্রেরিয়ান, সহকারি লাইব্রেরিয়ান
৫।	পুস্তক ও জার্নাল মুদ্রণ	২০২৩-২৪ অর্থবছরে প্রকাশিতব্য গ্রন্থ ও জার্নাল প্রিন্টের কার্যাদেশ প্রাপ্ত প্রেসে প্রকাশনা মুদ্রণ সংক্রান্ত কার্যক্রম (প্রফরিডিং, সম্পাদনা) শেষ পর্যায়।	প্রকাশনা সংক্রান্ত কার্যক্রম যথাসময়ে সম্পন্ন করার জন্য প্রেসের সাথে যোগাযোগ অব্যাহত রাখতে হবে। যথাশীঘ্র প্রকাশনা সম্পন্ন করতে হবে।	পরিচালক, উপপরিচালক (প্রশাসন ও অর্থ), উপপরিচালক (লাইব্রেরী ও গবেষণা), উপপরিচালক (আর্কাইভ) স্টোর অফিসার, লাইব্রেরিয়ান, সহকারি লাইব্রেরিয়ান

৬।	বাজেট বাস্তবায়ন	২০২৩-২৪ অর্থবছরে বাংলাদেশ ফিল্ম আর্কাইভের বাজেট বরাদ্দ ৮ কোটি ৯৬ লক্ষ টাকা এবং সংশোধিত বাজেটে ৮ কোটি ৮৩ লক্ষ ৪০ হাজার টাকা। ২০২৩-২৪ অর্থবছরের মে, ২০২৪ মাস পর্যন্ত ব্যয় হয়েছে ৫ কোটি ৮৮ লক্ষ ০২ হাজার ৫১৭ টাকার যা মূল বাজেটের ৬৬.৫৬%।	নির্ধারিত সময়ের মধ্যে বাজেট বাস্তবায়ন ও ক্রয় পরিকল্পনা বাস্তবায়নে সচেষ্ট থাকতে হবে।	পরিচালক, উপপরিচালক (প্রশাসন ও অর্থ), উপপরিচালক (আর্কাইভ), হিসাবরক্ষণ কর্মকর্তা
৭।	অভ্যন্তরীণ পরিষেবা থেকে আয়	২০২৩-২৪ অর্থবছরের মে, ২০২৪ মাস পর্যন্ত বাংলাদেশ ফিল্ম আর্কাইভের বই বিক্রি, হল ভাড়া ও ফুটেজ বিক্রি বাবদ মোট ৭,৪২,৬৮১/- টাকা আয় হয়েছে। যা মোট আয়ের ২০.৬৩%।	আয়কৃত অর্থ নিয়ম মোতাবেক সরকারি কোষাগারে জমা দিতে হবে।	পরিচালক, উপপরিচালক (প্রশাসন ও অর্থ), উপপরিচালক (আর্কাইভ), হিসাবরক্ষণ কর্মকর্তা

(ঘ) মেইনটেন্যান্স শাখা :

৮।	বাংলাদেশ ফিল্ম আর্কাইভ ভবন এবং ভবনে স্থাপিত ইলেক্ট্রো-মেকানিক্যাল যন্ত্রপাতি মেইনটেন্যান্স সংক্রান্ত কাজ	শেরেবাংলা নগর গণপূর্ত বিভাগ-২ এর তত্ত্বাবধানে ভবনের পূর্ব, উত্তর ও দক্ষিণ দিকের বাহিরের দেওয়ালে রংকরণ কাজ, ফিল্ম ভল্ট সংশ্লিষ্ট লিফটের পীটের নীচে পানি চুঁইয়ে আসা বন্ধ করতে ক্যামিকেল ট্রিটমেন্ট ও টাইলস মেরামতের কাজসমূহ সম্পন্ন হয়েছে। এছাড়াও, দপ্তরের প্রয়োজনীয় অন্যান্য মেরামত কাজের জন্য গণপূর্ত বিভাগ-২ ও ই/এম বিভাগ-৭ এর সাথে যোগাযোগ অব্যাহত রয়েছে।	ভবনের সিভিল কার্যক্রমের জন্য শেরেবাংলা নগর গণপূর্ত বিভাগ-২ এবং ইলেক্ট্রো-মেকানিক্যাল সংশ্লিষ্ট কাজের জন্য গণপূর্ত ই/এম বিভাগ-৭ এর সাথে বাংলাদেশ ফিল্ম আর্কাইভের জন্য বাজেট বরাদ্দের বিষয়ে যোগাযোগ অব্যাহত রাখতে হবে।	পরিচালক, উপপরিচালক (লাইব্রেরী ও গবেষণা), এসএইচ-৪
----	--	--	---	--

(ঙ) অপারেশন শাখা:

৯।	চলচ্চিত্র, তথ্যচিত্র, প্রামাণ্যচিত্র, সংবাদচিত্র ডিজিটাল ফরমেটে রূপান্তর	ফিল্ম ভল্টে রক্ষিত পূর্ণদৈর্ঘ্য চলচ্চিত্র, স্বল্পদৈর্ঘ্য চলচ্চিত্র, প্রামাণ্যচিত্র, তথ্যচিত্র ও সংবাদচিত্র ডিজিটাল ফরমেটে রূপান্তর করার বিষয়ে সভায় অবহিত করা হয়েছে। মে, ২০২৪ মাসে ০৩টি পূর্ণদৈর্ঘ্য চলচ্চিত্র (ভুল যখন ভাঙ্গলো, আলোছায়া, চরিত্রহীন) এবং ০৩টি তথ্যচিত্র/প্রামাণ্যচিত্র/সংবাদচিত্র ডিজিটাল ফরমেটে রূপান্তর হয়েছে।	কার্যক্রম অব্যাহত রাখতে হবে।	পরিচালক, উপপরিচালক (আর্কাইভ), এসএইচ-১
১০।	ডিজিটাল ফরমেটে চলচ্চিত্র সংগ্রহ	বিভিন্ন উৎস হতে ডিজিটাল ফরমেটে চলচ্চিত্র সংগ্রহের কাজ অব্যাহত রাখার বিষয়ে সভায় আলোচনা হয়। মে, ২০২৪ মাসে ০৫টি চলচ্চিত্র/প্রামাণ্যচিত্র/তথ্যচিত্র সংগ্রহ করা হয়েছে বলে সভাকে অবহিত করা হয়।	সংগ্রহ কার্যক্রম অব্যাহত রাখতে হবে।	পরিচালক, উপপরিচালক (আর্কাইভ), এসএইচ-৩
১১।	ওয়েবসাইট হালনাগাদকরণ	বাংলাদেশ ফিল্ম আর্কাইভের ওয়েবসাইট নিয়মিত হালনাগাদকরণ বিষয়ে সভায় আলোচনা হয়। প্রত্যেক শাখার হালনাগাদকরণযোগ্য তথ্য মাসিক ও ত্রৈমাসিক ভিত্তিতে সিস্টেম এডমিনকে প্রদানের বিষয়ে আলোচনা হয়।	ওয়েবসাইট নিয়মিতভাবে হালনাগাদ করতে হবে।	পরিচালক, উপপরিচালক (প্রশাসন ও অর্থ), উপপরিচালক (আর্কাইভ), এসএইচ-২

(চ) প্রশাসন শাখা :

১২।	সাংগঠনিক কাঠামো পুনর্বিন্যাস	নতুন সৃজিত ৪৯টি পদ অন্তর্ভুক্ত করে বাংলাদেশ ফিল্ম আর্কাইভের নিয়োগবিধি প্রশাসনিক মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়েছে। প্রশাসনিক মন্ত্রণালয়ের অতিরিক্ত সচিব মহোদয়ের সভার স্বাক্ষরিত কার্যবিবরণী পাওয়ার পর আনুষঙ্গিক কাগজপত্রসহ নিয়োগবিধি ও সাংগঠনিক কাঠামো অনুমোদনের জন্য মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়েছে।	এ সংক্রান্ত কার্যক্রম দ্রুত শেষ করতে হবে এবং মন্ত্রণালয়ের সাথে যোগাযোগ অব্যাহত রাখতে হবে।	পরিচালক, উপপরিচালক (প্রশাসন ও অর্থ), উপপরিচালক (আর্কাইভ), প্রশাসনিক কর্মকর্তা
১৩।	বার্ষিক কর্মসম্পাদন চুক্তি/ শুদ্ধাচার/ইনোভেশন/ অভিযোগ প্রতিকার/তথ্য অধিকার সংক্রান্ত কর্মপরিকল্পনা বাস্তবায়ন	APA বিষয়ক কার্যক্রম সুষ্ঠুভাবে বাস্তবায়ন নিয়ে সভায় আলোচনা হয়। মে, ২০২৪ মাস পর্যন্ত APA-র অগ্রগতি ৭৯.০৮% বলে সভাকে অবহিত করা হয়। এছাড়া, শুদ্ধাচার, ইনোভেশন, অভিযোগ প্রতিকার ও তথ্য অধিকার সংক্রান্ত কর্মপরিকল্পনা বাস্তবায়ন বিষয়ে সভায় আলোচনা হয়।	প্রতি মাসের ৫ তারিখের মধ্যে APA প্রতিবেদন মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে। লক্ষ্যমাত্রা ও কর্মপরিকল্পনা অনুযায়ী প্রয়োজনীয় প্রশিক্ষণ, কর্মশালা ও অন্যান্য কার্যক্রম বাস্তবায়নে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করতে হবে।	পরিচালক, উপপরিচালক (প্রশাসন ও অর্থ), উপপরিচালক (আর্কাইভ), এসএইচ-২, প্রশাসনিক কর্মকর্তা
১৪।	ডি-নথির ব্যবহার	বাংলাদেশ ফিল্ম আর্কাইভের সকল কার্যক্রম ডি-নথির মাধ্যমে সম্পন্ন করার বিষয়ে সভায় আলোচনা করা হয়। উক্ত ধারাবাহিকতায় মে, ২০২৪ মাসে বাংলাদেশ ফিল্ম আর্কাইভে ডি-নথির ব্যবহার ৯৪.২৫% বলে সভাকে অবহিত করা হয়।	ডি-নথির কার্যক্রম ১০০% করার জন্য সচেষ্ট থাকতে হবে। সকল শাখাকে ডি নথির সর্বোচ্চ ব্যবহার করতে হবে।	পরিচালক, উপপরিচালক (সকল), সকল শাখার প্রধান, এসএইচ-২, প্রশাসনিক কর্মকর্তা
১৫।	বিদ্যুৎ ব্যবহারে কৃচ্ছতা সাধন	বিদ্যুৎ ব্যবহারে সশ্রয়, কৃচ্ছতা সাধন, লাইট, ফ্যান, ইত্যাদি সঠিকভাবে বন্ধ করার মাধ্যমে ইউটিলিটি খাতে ব্যয় সীমিত রাখার বিষয়ে সভায় আলোচনা হয়। সভায় জানানো হয় যে, এ বিষয়ে সরকারি নির্দেশনা সকল কর্মকর্তা ও কর্মচারীকে অফিস আদেশের মাধ্যমে অবহিত করা হয়েছে। বিদ্যুতের কৃচ্ছতা সাধনের জন্য পুরো ভবনকে ০৫টি ব্লকে বিভক্ত করে আলাদা সাবমিটার চালু হয়েছে।	অফিস চলাকালীন রুমে কেউ না থাকলে এবং অফিস ত্যাগ করার সময় সকল রুমের লাইট, ফ্যান, পানির কল ইত্যাদি বন্ধ করতে হবে।	পরিচালক, উপপরিচালক (সকল), দপ্তরের সকল কর্মকর্তা-কর্মচারী

১৬।	পরিষ্কার- পরিচ্ছন্নতা নিশ্চিতকরণ	বাংলাদেশ ফিল্ম আর্কাইভ ভবনের পরিষ্কার-পরিচ্ছন্নতা নিশ্চিতকরণের বিষয়ে সভায় আলোচনা হয়। নিয়মিত ভল্ট, সিনেমা হল এবং ভবন পরিষ্কার পরিচ্ছন্ন রাখতে হবে। এছাড়া, ভল্টে পরিধেয় বিশেষ পোষাক নিয়মিত পরিষ্কার রাখা নিশ্চিত করতে হবে। হলের পরিষ্কার পরিচ্ছন্নতা বিষয়ে রেজিস্ট্রার সংরক্ষণ করতে হবে।	প্রতি মাসের প্রথম সোমবার ভবনের পরিচ্ছন্নতা নিশ্চিতকরণে মহাপরিচালক মহোদয় ও সংশ্লিষ্ট কর্মকর্তাগণ ভবন পরিদর্শন করবেন। হলের পরিষ্কার পরিচ্ছন্নতা নিশ্চিত করে রেজিস্ট্রার খাতায় স্বাক্ষর করবে।	পরিচালক, উপপরিচালক (প্রশাসন ও অর্থ), দপ্তরের সকল কর্মকর্তা - কর্মচারী
-----	--	--	--	---

(ছ) প্রকল্প বাস্তবায়ন :

১৭।	বাংলাদেশ ফিল্ম আর্কাইভের প্রকল্প বাস্তবায়ন	বাংলাদেশ ফিল্ম আর্কাইভ ৬২ কোটি ৬৭ লক্ষ ৯০ হাজার টাকা ব্যয় সম্বলিত “দেশী ও বিদেশী উৎস থেকে মুক্তিযুদ্ধের অডিও ভিজুয়াল দলিল সংগ্রহ ও সংরক্ষণ এবং বাংলাদেশ ফিল্ম আর্কাইভের সক্ষমতা বৃদ্ধি” শিরোনামে একটি উন্নয়ন প্রকল্প বাস্তবায়ন করেছে। ২০২৩-২৪ অর্থবছরে প্রকল্পের জন্য ১৫ কোটি টাকা বরাদ্দ রাখা হয়েছে এবং উক্ত বরাদ্দ থেকে ৮.৪৯ কোটি টাকা অবমুক্ত করা হয়। তন্মধ্যে এপ্রিল/২৪ মাস পর্যন্ত মোট ব্যয় ৯ কোটি ২১ লক্ষ ২৮ হাজার টাকা। যা মোট বরাদ্দের ৬২%। প্রকল্পের আওতায় ৫০টি জেলার ২৬১ জন বীর মুক্তিযোদ্ধার ওপর ডকুমেন্টারী তৈরীর কাজ সম্পন্ন হয়েছে। চলতি অর্থবছরে British Pathe হতে ১৫৬টি, যুক্তরাষ্ট্রের Getty Images হতে ৭৪টি এবং নেদারল্যান্ডসের RedOrange হতে ১৯৩ টি ফুটেজ সংগ্রহ করা হয়েছে। প্রকল্পের আওতায় বাংলাদেশ ফিল্ম আর্কাইভের সক্ষমতা বৃদ্ধির লক্ষ্যে অফিস যন্ত্রপাতি ক্রয়ের জন্য আরডিপিএতে ৩২০.০০ লক্ষ টাকা বরাদ্দ পাওয়া গেছে। বরাদ্দ অনুযায়ী ০৮টি প্যাকেজ বিভিন্ন ধরনের অফিস যন্ত্রপাতি ক্রয়ের জন্য ৩১৬.১৯ লক্ষ টাকার কার্যাদেশ প্রদান করা হয়েছে। নির্ধারিত সময়ে যন্ত্রপাতিসমূহ সরবরাহ পাওয়া যাবে। এছাড়া, আরডিপি বরাদ্দ অনুযায়ী প্রকল্পের অন্যান্য কার্যক্রম চলমান।	বীর মুক্তিযোদ্ধার ওপর ডকুমেন্টারী তৈরীর কাজ যথাসময়ে শেষ করতে হবে এবং ফুটেজ সংগ্রহের জন্য বিভিন্ন প্রতিষ্ঠানের সাথে যোগাযোগ অব্যাহত রাখতে হবে।	প্রকল্প পরিচালক, পরিচালক, প্রকল্প সংশ্লিষ্ট কর্মকর্তা- কর্মচারী
-----	---	--	--	--

সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

১৫
৩০/০৭/২৪
মো. কামরুজ্জামান
মহাপরিচালক
ফোন : ৪১০২৪৬৩৬

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :-

- ০১। সিনিয়র সচিব, তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ০২। প্রকল্প পরিচালক, বাংলাদেশ ফিল্ম আর্কাইভ, আগারগাঁও, ঢাকা।
- ০৩। পরিচালক, বাংলাদেশ ফিল্ম আর্কাইভ, আগারগাঁও, ঢাকা।
- ০৪। উপপরিচালক (সকল), বাংলাদেশ ফিল্ম আর্কাইভ, আগারগাঁও, ঢাকা।
- ০৫। সকল কর্মকর্তা, বাংলাদেশ ফিল্ম আর্কাইভ, আগারগাঁও, ঢাকা।।
- ০৬। সিস্টেম এডমিন, বাংলাদেশ ফিল্ম আর্কাইভ, ঢাকা।
- ০৭। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারি, বাংলাদেশ ফিল্ম আর্কাইভ, ঢাকা।
- ০৮। অফিস নথি।